

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৭.২১. ৮৩


তারিখ- ১৮/০১/২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : কিশোরী সদস্য আবেদন ফরম পূরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায়” শীর্ষক প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পভুক্ত ১৭ টি জেলার ৫৯ টি উপজেলায় ২টি করে মোট ১১৮টি হাই স্কুলে ৬ষ্ঠ-১০ম শ্রেণিতে অধ্যয়নরত কিশোরীদের অংশগ্রহণে মোট ১০০ জন শিক্ষার্থীকে নিয়ে পল্লী উন্নয়ন কিশোরী সংঘ গঠন করতে হবে। সে আলোকে কিশোরী সংঘের সদস্য হিসেবে অন্তর্ভুক্তির ক্ষেত্রে প্রতিটি উপজেলায় ইতোমধ্যে কিশোরী সদস্য আবেদন ফরম প্রেরণ করা হয়েছে। কিশোরী সদস্যদের আবেদন ফরম পূরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে :

- ১। কিশোরী সদস্য আবেদন ফরমের কাভার পেইজ, ২য় ও ৪র্থ পৃষ্ঠায় কিশোরীর আইডি নং এবং ২য় পৃষ্ঠায় কিশোরী সংঘের আইডি নং এখন পূরণ করতে হবে না। এক্ষেত্রে কিশোরীদের তথ্য সংগ্রহপূর্বক কিশোরী সংঘ গঠন করে সফট ওয়্যারে ডাটা এন্ট্রি করার পর স্বয়ংক্রিয়ভাবে কিশোরীর আইডি নং ও কিশোরী সংঘের আইডি নং পাওয়া যাবে। তাই স্বয়ংক্রিয়ভাবে কিশোরীর আইডি নং ও কিশোরী সংঘের আইডি নং পাওয়ার পর উক্ত ফিলসমূহ পূরণ করতে হবে;
- ২। কিশোরী সদস্য আবেদন ফরমের ক্রমিক নং ৩ এ কিশোরীর বয়স পূরণের ক্ষেত্রে অনলাইন জন্ম নিবন্ধন সনদ অথবা পিইসি/জেএসসি বা সমমান পরীক্ষার পাশের সার্টিফিকেটে উল্লেখিত জন্ম তারিখ অনুযায়ী বয়স হিসাব করতে হবে। বয়স হিসাবের ক্ষেত্রে কিশোরী সদস্য যে তারিখে সদস্য হিসেবে অন্তর্ভুক্তির আবেদন করবে অর্থাৎ যে তারিখে আবেদন ফরমে স্বাক্ষর করবে সে তারিখ পর্যন্ত বছর, মাস, দিন হিসাব করতে হবে;
- ৩। কোন কিশোরীর অনলাইন জন্ম নিবন্ধন সনদ না থাকলে ইউনিয়ন পরিষদ/পৌরসভা থেকে অনলাইন জন্ম নিবন্ধন সনদ সংগ্রহ করে কিশোরী সদস্য আবেদন ফরমের ক্রমিক নং ৪ পূরণ করতে হবে।
- ৪। কিশোরী সদস্যের নামের ফিল পূরণের ক্ষেত্রে অনলাইন জন্ম নিবন্ধন সনদ অথবা পিইসি/জেএসসি বা সমমান পরীক্ষার পাশের সার্টিফিকেটের সাথে মিল রেখে সঠিকভাবে নাম বাংলায় ও ইংরেজিতে লিখতে হবে;
- ৫। সদস্য আবেদন ফরমের ২য় পৃষ্ঠায় কিশোরীর শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য পূরণের ক্ষেত্রে শুধুমাত্র ১২, ১৩ ও ১৪ নং ক্রমিক পূরণ করতে হবে। এছাড়া অন্যান্য তথ্যসমূহ কিশোরী সদস্যের জন্য প্রযোজ্য।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা অনুসরণ করে বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের আওতায় হাইস্কুল কেন্দ্রিক কিশোরী সংঘ গঠনের নিমিত্ত কিশোরী সদস্য আবেদন ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি

উপজেলা:, জেলা:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা:, জেলা:
৬. পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি।